# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৮৯

১/ বিবিধ

আরবী

يوم من إمام عادل أفضل من عبادة ستين سنة، وحد يقام في الأرض أزكى فيها من مطر أربعين يوما
ضعيف

رواه سمويه في " الفوائد " (2 / 37) : حدثنا أحمد بن يونس: أخبرني سعد أبو غيلان الشيباني قال: سمعت عفان بن جبير الطائي عن أبي حريز الأزدي أو حريز عن عكرمة عن ابن عباس مرفوعا ورواه الطبراني (3 / 140 / 1) من طريق أخرى عن أحمد بن يونس به إلا أنه لم يقل في سنده " أو حريز ". قلت: وهذا سند ضعيف مسلسل بجماعة لا يعرفون من سعد إلى أبي حريز غير أن سعدا لم
يتفرد به، فقد رواه الطبراني في " الأوسط " (1 / 182 / 1، 144 / 1) من طريق زريق بن السحت: أخبرنا جعفر بن عون: أخبرنا عفان بن جبير الطائي عن عكرمة به وقال: " لا يروى عن ابن عباس إلا بهذا الإسناد ". قلت: ومداره على عفان بن جبير هذا، وقد أورده ابن أبي حاتم (3 / 2 / 30) ولم يذكر فيه جرحا وتعديلا، ولعل ابن حبان أورده في " الثقات
والظاهر أنه قد اختلف عليه فرواه زريق هذا عن جعفر بن عون عنه عن عكرمة به.
وخالفه سعد أبو غيلان فرواه عنه عن أبي حريز أو حريز عن عكرمة به، فزاد في السند أبا حريز أو حريز، ويبدو أن حريزا مجهول، فإن ابن أبي حاتم لم يذكر في ترجمته أكثر من قوله: " كوفي، كان أبوه أبا حريز عبد الله بن الحسين قاضي

سجستان
وله ترجمة طويلة في " اللسان " وأفاد أنه كان من شيوخ الشيعة وأنه كوفي أزدي.
وأما أبوه عبد الله بن الحسين فصدوق يخطىء كما في " التقريب
وأما سعد أبو غيلان فأورده ابن أبي حاتم أيضا (2 / 1 / 99) ولم يذكر فيه جرحا ولا تعديلا. وأما زريق الذي في الوجه الثاني فلم أجد له ترجمة. وأما جعفر بن عون فثقة من رجال الشيخين
وجملة القول أن إسناد الحديث ضعيف لتفرد عفان بن جبير به، كما أشار إلى ذلك الطبراني وهو مجهول، وللاختلاف عليه في إسناده كما عرفت، فقول المنذري في " الترغيب " (3 / 135) ثم العراقي في " تخريج الإحياء (1 / 155) : " رواه الطبراني في الكبير والأوسط، وإسناد الكبير حسن ". ففيه نظر كبير، لما عرفت من تسلسل إسناد الكبير بالمجهولين. نعم الشطر الثاني من الحديث حسن لأن له شاهدا من حديث أبي هريرة، ولذلك أوردته في " الأحاديث الصحيحة " (رقم 231)

বাংলা

৯৮৯। ন্যায় পরায়ণ ইমামের (নেতার) একদিন ষাট বছরের ইবাদাতের চেয়ে উত্তম। যমীনে একটি হাদ (শাস্তি) কায়েম করা তাতে চল্লিশ দিন বৃষ্টি হওয়ার চেয়েও বেশী পবিত্র।

হাদীছটি দুর্বল।

এটি সামওয়াহে “আল-কাওরায়েদ” (২/৩৭) গ্রন্থে আহমাদ ইবনু ইউনুস হতে তিনি সা’আদ আবূ গায়লান আশ-শায়বানী হতে তিনি আফফান ইবনু জুবায়ের আত-তাঈ হতে তিনি আবু হুরায়েয আযদী বা হুরায়েয হতে ... বর্ণনা করেছেন।

হাদীছটি তাবারানী (৩/১৪০/১) ভিন্ন সূত্রে আহমাদ ইবনু ইউনুস হতে বর্ণনা করেছেন। তবে তিনি তার সনদে বা হুরায়েয কথাটি বলেননি।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি সা’আদ হতে আবু হুরায়েয পর্যন্ত পর্যায়ক্রমে একদল অপরিচিত বর্ণনাকারীর কারণে দুর্বল। তবে সা’আদ এককভাবে বর্ণনা করেননি। হাদীছটি তাবারানী "আল-আওসাত" (১/১৮২, ১/১৪৪) গ্রন্থে যুরায়েক ইবনুস সাহাত সূত্রে জা’ফার ইবনু আউন হতে তিনি আফফান ইবনু জুবায়ের হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটির কেন্দ্রবিন্দু হচ্ছে আফফান ইবনু জুবায়ের। ইবনু আবী হাতিম তাকে (৩/২/৩০) উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। সম্ভবত ইবনু হিব্বান তাকে "আছ-ছিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন।

যুরায়েক আবু হুরায়েয আযদী বা হুরায়েযকে মাঝখানে উল্লেখ না করে বলেছেনঃ আফফান ইকরিমা হতে বর্ণনা করেছেন।

এই আবু হুরায়েয হচ্ছেন সিজিস্তানের কাযী আব্দুল্লাহ ইবনু হুসাইন। হাফিয ইবনু হাজার “আল-লিসান” গ্রন্থে তার দীর্ঘ জীবনীতে উল্লেখ করেছেন তিনি শীয়াদের শাইখ, কূফী, আযদী।

তিনি সত্যবাদী তবে ভুল করতেন। "আত-তাকরীব" গ্রন্থে এরূপই এসেছে।

সা’আদ আবু গায়লানকে ইবনু আবী হাতিম (২/১/৯৯) উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

দ্বিতীয় সূত্রের বর্ণনাকারী যুরায়েকের জীবনী পাচ্ছি না। মোটকথা হাদীছটির সনদ দুর্বল। আফফান ইবনু জুবায়ের এককভাবে বর্ণনা করার কারণে। যেমনটি তাবারানী সেদিকে ইঙ্গিত করেছেন। তিনি মাজহুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71868

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন